

# সাধারণ

# জ্ঞান

(প্রথম ভাগ)



হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ



# সাধারণ জ্ঞান (প্রথম ভাগ)

গবেষণা বিভাগ



হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ

প্রকাশক

হাদীছ ফাউন্ডেশন বাংলাদেশ  
নওদাপাড়া, রাজশাহী-৬২০৩  
হাফাবা প্রকাশনা-৯২  
ফোন ও ফ্যাক্স : ০২৪৭-৮৬০৮৬১  
মোবাইল-০১৮৩৫-৪২৩৪১০, ০১৭৭০৮০০৯০০।

المعارف العامة (الجزء الأول)

تأليف : قسم البحوث

الناشر : حديث فاؤন্ডেশন بنغلاديش  
(مؤسسة الحديث للطباعة والنشر)

প্রকাশ কাল

জুমাঃ আখেরাহ ১৪৪০ হি.  
ফাল্গুন ১৪২৫ বাং  
ফেব্রুয়ারী ২০১৯ খৃ.

॥ সর্বস্বত্ব প্রকাশকের ॥

কম্পোজ

হাদীছ ফাউন্ডেশন কম্পিউটার্স

মুদ্রণ

হাদীছ ফাউন্ডেশন প্রেস  
নওদাপাড়া (আম চত্বর)  
সপুরা, রাজশাহী।

নির্ধারিত মূল্য

৩০ (ত্রিশ) টাকা মাত্র।

---

**General Knowledge (1<sup>st</sup> part) by Department of Research.**  
Published by : **HADEETH FOUNDATION BANGLADESH.**  
Nawdapara, Rajshahi, Bangladesh. Ph & Fax : 88-0247-860861. Mob:  
01835-423410, 01770800900 E-mail : tahreek@ymail.com. Web : www.  
ahlehadeethbd.org.

# সূচীপত্র

প্রকাশকের কথা		৪
প্রথম অধ্যায় :	ইসলাম	৫
	আক্ফীদা	৫
	ইবাদত	৭
	আল-কুরআন	৮
	ইসলামের ইতিহাস	১০
দ্বিতীয় অধ্যায় :	বাংলাদেশ	১৩
	আমাদের বাংলাদেশ	১৩
	বাংলাদেশের ইতিহাস	১৫
	বাংলাদেশের জাতীয় বিষয় সমূহ	১৬
	বাংলাদেশের যা কিছু বড়	১৮
	বাংলাদেশের যা কিছু ছোট	১৯
	কয়েকজন বিশিষ্ট ব্যক্তিবর্গ	২০
তৃতীয় অধ্যায় :	উদ্ভিদ ও প্রাণীজগৎ	২১
	ফুলের পরিচয়	২১
	ফলের পরিচয়	২২
	প্রাণীর পরিচয়	২৩
চতুর্থ অধ্যায় :	পৃথিবী	২৪
	পৃথিবীর পরিচয়	২৪
	দেশ-মহাদেশ, রাজধানী, মুদ্রা ও ভাষা	২৫
পঞ্চম অধ্যায় :	বিবিধ	২৭
	স্বাস্থ্যকথা	২৭
	মানবদেহের কথা	২৮

বিসমিল্লাহির রহমানির রহীম

## প্রকাশকের কথা

সন্তান-সন্ততি মানুষের দুনিয়াবী জীবনের অন্যতম শ্রেষ্ঠ সম্পদ। এই সম্পদকে সঠিকভাবে সংরক্ষণ করা এবং তাকে নৈতিক ও মানবিক মূল্যবোধসম্পন্ন করে গড়ে তোলা একজন অভিভাবকের অবশ্য কর্তব্য। সেই সাথে সমাজ ও রাষ্ট্রের কর্ণধারদেরও দায়িত্ব ভবিষ্যৎ প্রজন্মকে সঠিকভাবে বেড়ে ওঠার পরিবেশ নিশ্চিত করা। আমরা মুসলিম। এই পৃথিবীতে আমাদের আগমনের উদ্দেশ্য একমাত্র আল্লাহর ইবাদত করা। আর ইবাদতের জন্য প্রয়োজন সঠিক জ্ঞান ও নৈতিক শিক্ষা। শুধু তাই নয়, প্রাত্যহিক জীবনে চলার পথেও প্রয়োজন নানামাত্রিক জ্ঞান। সেই লক্ষ্যকে সামনে রেখে ছোট্ট সোনামণিদেরকে মৌলিক জ্ঞানের বিষয়সমূহ শিক্ষা দেওয়ার নিমিত্তে ‘হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ’-এর গবেষণা বিভাগ থেকে পুস্তিকাটি সংকলন করা হয়েছে। এতে প্রচলিত সাধারণ জ্ঞানের বিষয়াদির সাথে ইসলামী আক্বীদা ও আমল সংক্রান্ত মৌলিক গুরুত্বপূর্ণ প্রশ্নসমূহের সন্নিবেশ ঘটানো হয়েছে, যা শিক্ষার্থীদের বিশুদ্ধ ধর্মীয় জ্ঞানকে সমৃদ্ধ করবে ইনশাআল্লাহ। এটি বিভিন্ন মাদ্রাসা ও ইসলামী স্কুলের প্রথম শ্রেণীর পাঠ্য উপযোগী করে প্রণীত।

আশা করি পুস্তিকাটি ছোট্ট সোনামণিদের প্রাথমিক জ্ঞানার্জনের পথে গুরুত্বপূর্ণ সহযোগীর ভূমিকা পালন করবে। পুস্তিকাটি রচনা ও পরিমার্জনায যারা সহযোগিতা করেছেন তাদের সকলের প্রতি রইল কৃতজ্ঞতা। আল্লাহ আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টা কবুল করুন এবং একে আমাদের নাজাতের অসীলা হিসাবে কবুল করুন-আমীন!

-সচিব

হাদীছ ফাউণ্ডেশন বাংলাদেশ

## প্রথম অধ্যায় : ইসলাম

### পাঠ-১ : আক্বীদা

১. প্রশ্ন : ইসলাম শব্দের অর্থ কি?

উত্তর : আত্মসমর্পণ করা।

২. প্রশ্ন : ইসলামের মূল স্তম্ভ কয়টি ও কি কি?

উত্তর : ৫টি। যথা : ১. কালেমা ২. ছালাত ৩. ছিয়াম ৪. হজ্জ ও ৫. যাকাত।

৩. প্রশ্ন : আমাদের সৃষ্টিকর্তা কে?

উত্তর : আল্লাহ।

৪. প্রশ্ন : আমাদের পালনকর্তা কে?

উত্তর : আল্লাহ।

৫. প্রশ্ন : আমাদের রিযিকদাতা কে?

উত্তর : আল্লাহ।

৬. প্রশ্ন : আল্লাহ কেন আমাদেরকে সৃষ্টি করেছেন?

উত্তর : কেবলমাত্র তাঁর ইবাদত করার জন্য (যারিয়াত ৫৬)।

৭. প্রশ্ন : আল্লাহর নিকট মনোনীত ধর্ম কি?

উত্তর : ইসলাম (আলে ইমরান ১৯)।

৮. প্রশ্ন : আল্লাহ কোথায় আছেন?

উত্তর : সাত আসমানের উপরে আরশে সমুন্নীত (ত্বোয়াহা ২০/৫)।

৯. প্রশ্ন : আমাদের নবী কে?

উত্তর : হযরত মুহাম্মাদ (ছাঃ)।

১০. মুহাম্মাদ (ছাঃ) কে ছিলেন?

উত্তর : আল্লাহর নবী ও রাসূল।

১১. সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল কে?

উত্তর : হযরত মুহাম্মাদ (ছাঃ)।

১২. আমরা কোন নবীর উম্মত?

উত্তর : হযরত মুহাম্মাদ (ছাঃ)-এর উম্মত।

১৩. মুহাম্মাদ (ছাঃ) কিসের তৈরী?

উত্তর : মাটির তৈরী।

১৪. তাওহীদ শব্দের অর্থ কি?

উত্তর : আল্লাহর একত্ববাদ।

১৫. প্রশ্ন : তাওহীদের বিপরীত কি?

উত্তর : শিরক।

১৬. প্রশ্ন : ফেরেশতারা কীসের তৈরি?

উত্তর : নূরের তৈরি।

## পাঠ-২ : ইবাদত

১. প্রশ্ন : ছালাত শব্দের অর্থ কি?

উত্তর : দো'আ, রহমত, ক্ষমা, প্রার্থনা ইত্যাদি।

২. প্রশ্ন : দিবারাত্রি মোট কত ওয়াক্ত ছালাত ফরয এবং ওয়াক্তগুলোর নাম কি?

উত্তর : ৫ ওয়াক্ত। যথা : ফজর, যোহর, আছর, মাগরিব ও এশা।

৩. প্রশ্ন : ফজরের ফরয ছালাত কত রাক'আত?

উত্তর : দুই রাক'আত।

৪. প্রশ্ন : যোহরের ফরয ছালাত কত রাক'আত?

উত্তর : চার রাক'আত।

৫. প্রশ্ন : আছরের ফরয ছালাত কত রাক'আত?

উত্তর : চার রাক'আত।

৬. প্রশ্ন : মাগরিবের ফরয ছালাত কত রাক'আত?


উত্তর : তিন রাক'আত।

৭. প্রশ্ন : এশার ফরয ছালাত কত রাক'আত?

উত্তর : চার রাক'আত।

৮. প্রশ্ন : ঈদ কয়টি ও কি কি?

উত্তর : ২টি। (১) ঈদুল ফিতর (২) ঈদুল আযহা।



## পাঠ-৩ : আল-কুরআন

১. প্রশ্ন : কুরআন শব্দের অর্থ কি?

উত্তর : পাঠ করা।

২. প্রশ্ন : কুরআন কোন ভাষায় নাযিল হয়েছে?

উত্তর : আরবী ভাষায়।

৩. প্রশ্ন : পবিত্র কুরআন কার উপর নাযিল হয়েছে?

উত্তর : হযরত মুহাম্মাদ (ছাঃ)-এর উপর।

৪. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি পারা আছে?

উত্তর : ৩০টি।

৫. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি সূরা আছে?

উত্তর : ১১৪টি।

৬. প্রশ্ন : কুরআন মাজীদ কত বছর ধরে নাযিল হয়েছে?

উত্তর : দীর্ঘ ২৩ বছর ধরে।

৭. প্রশ্ন : 'ফাতিহা' শব্দের অর্থ কি?

উত্তর : সূচনা।

৮. প্রশ্ন : সূরা ফাতিহায় কয়টি আয়াত আছে?

উত্তর : ৭টি আয়াত।



৯. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে ছোট সূরা কোনটি?

উত্তর : সূরা কাওছার ।

১০. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে ছোট আয়াত কোনটি?

উত্তর : সূরা আর-রহমানের ৬৪ নং আয়াত ।

১১. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে বড় সূরা কোনটি?

উত্তর : সূরা বাক্বারাহ, আয়াত সংখ্যা ২৮৬ ।

১২. প্রশ্ন : পবিত্র কুরআনের সবচেয়ে বড় আয়াত কোনটি?

উত্তর : সূরা বাক্বারাহর ২৮২ নং আয়াত ।

১৩. প্রশ্ন : পবিত্র কুরআনের আম্মাপারায় সর্বমোট কয়টি সূরা আছে?

উত্তর : ৩৭টি ।

১৪. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছাঃ)-এর সবচেয়ে বড় মু'জিয়া কি ছিল?

উত্তর : পবিত্র কুরআন ।

১৫. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি রুকু আছে?

উত্তর : ৫৪০টি ।

১৬. প্রশ্ন : পবিত্র কুরআনে কয়টি আয়াত আছে?

উত্তর : ৬২৩৬টি আয়াত আছে ।

১৭. প্রশ্ন : পৃথিবীর সবচেয়ে বেশী পঠিত গ্রন্থ কোনটি?

উত্তর : কুরআন মাজীদ ।

১৮. পবিত্র কুরআনের সর্বশেষ নাযিলকৃত সূরা কোনটি?

উত্তর : সূরা নাছর ।

## পাঠ-৪ : ইসলামের ইতিহাস

১. প্রশ্ন : ইসলামের ইতিহাসে প্রথম মুসলিম কে?

উত্তর : হযরত খাদীজা (রাঃ)।

২. প্রশ্ন : ইসলামের প্রথম শহীদ কে?

উত্তর : হযরত সুমাইয়া (রাঃ)।

৩. প্রশ্ন : প্রথম মুসলিম বালক কে?

উত্তর : আলী (রাঃ)।

৪. প্রশ্ন : ইসলামের প্রথম মুওয়ায্বিনের নাম কি?

উত্তর : হযরত বেলাল (রাঃ)।

৫. প্রশ্ন : পৃথিবীতে মোট কতজন নবী ও রাসূল প্রেরিত হয়েছেন?

উত্তর : এক লক্ষ চব্বিশ হাজার (আহমাদ, মিশকাত হা/৫৭৩৪)।

৬. পবিত্র কুরআনে কতজন নবীর কথা বর্ণিত হয়েছে?

উত্তর : ২৫ জন।

৭. প্রশ্ন : পবিত্র কুরআনে বর্ণিত ২৫ জন নবীর নাম কি কি?

উত্তর : আদম, নূহ, ইদরীস, হূদ, ছালেহ, ইবরাহীম, লূত্ব, ইসমাঈল, ইসহাক, ইয়াকূব, ইউসুফ, আইয়ূব, শু'আয়েব, মূসা, হারূণ, ইউনুস, দাউদ, সুলায়মান, ইলিয়াস, আল-ইয়াসা, যুল-কিফ্ল, যাকারিয়া, ইয়াহইয়া, ঈসা (আঃ) ও মুহাম্মাদ (ছাঃ)।



৮. প্রশ্ন : মানুষের আদি পিতা ও মাতা কে ছিলেন?

উত্তর : আদম ও হাওয়া।

৯. প্রশ্ন : প্রথম মানুষ ও প্রথম নবী কে ছিলেন?

উত্তর : আদম (আঃ) (বাক্বারাহ ৩০-৩৭; আহমাদ, মিশকাত হা/৫৭৩৭)।

১০. প্রশ্ন : আদম ও হাওয়া (আঃ) প্রথমে কোথায় ছিলেন?

উত্তর : জান্নাতে।

১১. প্রশ্ন : পৃথিবীতে প্রথম রাসূল কে ছিলেন?

উত্তর : নূহ (আঃ)।

১২. প্রশ্ন : পৃথিবীতে আল্লাহ প্রেরিত শেষ নবী কে ছিলেন? তাঁর পরে আর কোন নবী আসবেন কি?

উত্তর : হযরত মুহাম্মাদ (ছাঃ)। তাঁর পরে আর কোন নবী আসবেন না।

১৩. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ) কত সালে ও কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর : ৫৭১ খৃষ্টাব্দে (৯ই রবীউল আউয়াল সোমবার) মক্কায় জন্মগ্রহণ করেন।

১৪. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ) কত সালে ও কোথায় মৃত্যুবরণ করেন?

উত্তর : ৬৩২ খৃষ্টাব্দের ৬ই জুন (১১ হিজরী সনের ১লা রবীউল আউয়াল সোমবার) মদীনায় মৃত্যুবরণ করেন।

১৫. প্রশ্ন : নবী (ছাঃ) কত বছর বয়সে নবুঅত লাভ করেন?

উত্তর : ৪০ বছর ।

১৬. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ)-এর অপর নাম কি?

উত্তর : আহমাদ (ছফ ৬১/৬) ।

১৭. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ)-এর পিতা ও মাতার নাম কি ছিল?

উত্তর : পিতার নাম আব্দুল্লাহ ও মাতার নাম আমিনা ।

১৮. প্রশ্ন : মুহাম্মাদ (ছাঃ)-এর দাদা ও চাচার নাম কি ছিল?

উত্তর : দাদার নাম আব্দুল মুত্তালিব ও চাচার নাম আবু তালিব ।

১৯. প্রশ্ন : রাসূলুল্লাহ (ছাঃ)-এর দুধমাতা কে ছিলেন?

উত্তর : হালীমা ।

২০. প্রশ্ন : সর্বপ্রথম কার জন্য জান্নাতের দরজা খোলা হবে?

উত্তর : শেষ নবী মুহাম্মাদ (ছাঃ)-এর জন্য (মুসলিম, মিশকাত হা/৫৭৪৩) ।



## দ্বিতীয় অধ্যায় : বাংলাদেশ

### পাঠ-১ : আমাদের বাংলাদেশ

১. প্রশ্ন : আমাদের দেশের নাম কি?

উত্তর : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

২. প্রশ্ন : আমাদের জাতীয়তা কি?

উত্তর : বাংলাদেশী।

৩. প্রশ্ন : বাংলাদেশের আয়তন কত?

উত্তর : ১,৪৭,৫৭০ বর্গ কিলোমিটার।

৪. প্রশ্ন : বাংলাদেশের রাষ্ট্রভাষা কি?

উত্তর : বাংলা।

৫. প্রশ্ন : বাংলাদেশের রাজধানী নাম কি?

উত্তর : ঢাকা।


৬. প্রশ্ন : ঢাকার পূর্ব নাম কি ছিল?

উত্তর : জাহাঙ্গীরনগর।

৭. প্রশ্ন : ঢাকা কোন নদীর তীরে অবস্থিত?

উত্তর : বুড়িগঙ্গা নদীর তীরে।

৮. প্রশ্ন : বাংলাদেশের বিভাগ কয়টি ও কি কি?



উত্তর : ৮টি । যথা : ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ ।

৯. প্রশ্ন : বাংলাদেশে কয়টি যেলা আছে?

উত্তর : ৬৪টি ।

১০. প্রশ্ন : বাংলাদেশের মুদ্রার নাম কি?

উত্তর : টাকা ।



বাংলাদেশের মুদ্রা

১১. প্রশ্ন : বাংলাদেশের প্রধান প্রধান নদ-নদীগুলি ও কি কি?

উত্তর : পদ্মা, মেঘনা, যমুনা, ব্রহ্মপুত্র, কর্ণফুলী, সুরমা ইত্যাদি ।

১২. প্রশ্ন : বাংলাদেশে কয়টি সমুদ্রবন্দর আছে?

উত্তর : ৩টি ।

১৩. প্রশ্ন : বাংলাদেশে কয়টি

বিমানবন্দর আছে? উত্তর : ১৪টি ।

১৪. প্রশ্ন : ঢাকাকে কিসের শহর বলা হয়?

উত্তর : মসজিদের শহর ।

১৫. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পতার রং কি?

উত্তর : সবুজ এবং তার মাঝখানে টকককে লাল বৃত্ত ।



বাংলাদেশের  
পতাকা



চট্টগ্রাম সমুদ্রবন্দর

## পাঠ-২ : বাংলাদেশের ইতিহাস

১. প্রশ্ন : বাংলাদেশ স্বাধীন হয় কত সালে?

উত্তর : ১৯৭১ সালে।

২. প্রশ্ন : বাংলাদেশ কোন দেশ থেকে স্বাধীনতা লাভ করে?

উত্তর : পাকিস্তান থেকে।

৩. প্রশ্ন : বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হয়েছিল কত সালে?

উত্তর : ১৯৭১ সালের ২৬শে মার্চ।

৪. প্রশ্ন : বাংলাদেশ কত সালে বিজয় লাভ করে?

উত্তর : ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর।

৫. প্রশ্ন : বাংলাদেশের পূর্ব নাম কি ছিল?

উত্তর : পূর্ব-পাকিস্তান।



## পাঠ-৩ : বাংলাদেশের জাতীয় বিষয় সমূহ

১. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় ফুলের নাম কি?

উত্তর : শাপলা ।



শাপলা ফুল

২. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় ফলের নাম কি?

উত্তর : কাঁঠাল ।

৩. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় গাছের নাম কি?

উত্তর : আমগাছ ।



আম

৪. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় মাছের নাম কি?

উত্তর : ইলিশ ।

৫. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় কবির নাম কি?

উত্তর : কাজী নজরুল ইসলাম ।

৬. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পাখির নাম কি?

উত্তর : দোয়েল ।



কাঁঠাল

৭. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় পশুর নাম কি?

উত্তর : রয়েল বেঙ্গল টাইগার ।

৮. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় বনের নাম কি?

উত্তর : সুন্দরবন ।

৯. প্রশ্ন : বাংলাদেশের জাতীয়  
মসজিদের নাম কি?

উত্তর : বায়তুল মুকাররম মসজিদ ।



সুন্দরবন

১০. প্রশ্ন : বাংলাদেশের জাতীয় খেলার নাম কি?

উত্তর : কাবাডি/হা-ডু-ডু ।



বায়তুল মুকাররম মসজিদ

## পাঠ-৪ : বাংলাদেশের যা কিছু বড়

১. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় শহর কোনটি?

উত্তর : ঢাকা।

২. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় মসজিদ কোনটি?

উত্তর : বায়তুল মুকাররম মসজিদ।

৩. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় রেলস্টেশন কোনটি?

উত্তর : কমলাপুর রেলস্টেশন, ঢাকা।

৪. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় চিড়িয়াখানা কোনটি?

উত্তর : মিরপুর চিড়িয়াখানা, ঢাকা।

৫. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় সড়ক সেতু কোনটি?

উত্তর : পদ্মা সেতু (দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার)।

৬. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বিশ্ববিদ্যালয় কোনটি?

উত্তর : ঢাকা বিশ্ববিদ্যালয়।

৭. প্রশ্ন : বাংলাদেশে আয়তনে সবচেয়ে বড় বিশ্ববিদ্যালয় কোনটি?

উত্তর : রাজশাহী বিশ্ববিদ্যালয়।

৮. প্রশ্ন : বাংলাদেশের সবচেয়ে বড় বিল কোনটি?

উত্তর : চলনবিল।

## পাঠ-৫ : বাংলাদেশের যা কিছু ছোট

১. বাংলাদেশের ক্ষুদ্রতম বিভাগ কোনটি?

উত্তর : সিলেট বিভাগ।

২. বাংলাদেশের ক্ষুদ্রতম যেলা কোনটি?

উত্তর : মেহেরপুর যেলা।

৩. বাংলাদেশের ক্ষুদ্রতম উপযেলা কোনটি?

উত্তর : বন্দর থানা, নারায়নগঞ্জ।

৪. বাংলাদেশের ক্ষুদ্রতম নদী কোনটি?

উত্তর : গোবরা নদী (দৈর্ঘ্য ৪ কিলোমিটার)।

৫. বাংলাদেশের ক্ষুদ্রতম ইউনিয়ন কোনটি?

উত্তর : সেন্টমার্টিন ইউনিয়ন।



সেন্টমার্টিন দ্বীপ

## পাঠ-৬ : কয়েকজন বিশিষ্ট ব্যক্তি

১. বাংলাদেশের কয়েকজন রাষ্ট্রনেতার নাম বল-

উত্তর : ১. শেরে বাংলা এ. কে ফজলুল হক, ২. হোসেন শহীদ সোহরাওয়ার্দী, ৩. মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, ৪. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ৫. জিয়াউর রহমান।

২. বাংলাদেশের কয়েকজন শিক্ষাবিদ-এর নাম বল-

উত্তর : ১. ড. মুহাম্মদ শহীদুল্লাহ, ২. প্রিন্সিপাল ইব্রাহীম খাঁ, ৩. ড. কাজী দ্বীন মুহাম্মাদ, ৪. ড. এনামুল হক, ৫. দেওয়ান মোহাম্মদ আজরফ।

৩. বাংলাদেশের কয়েকজন কবির নাম বল-

উত্তর : ১. কাজী নজরুল ইসলাম, ২. পল্লী কবি জসীম উদ্দীন, ৩. কবি গোলাম মোস্তাফা, ৪. ফররুখ আহমদ, ৫. আল-মাহমুদ।

৪. বাংলাদেশের কয়েকজন সাহিত্যিকের নাম বল-

উত্তর : ১. মীর মশাররফ হোসেন, ২. সৈয়দ মুজতবা আলী, ৩. আবুল মনসুর আহমদ, ৪. শওকত ওসমান, ৫. মোহাম্মদ আব্দুল্লাহেল কাফী আল-কোরায়শী।

## তৃতীয় অধ্যায় : উদ্ভিদ ও প্রাণীজগৎ

### পাঠ-১ : ফুলের পরিচয়

১. প্রশ্ন : গ্রীষ্মকালের পাঁচটি ফুলের নাম বল?

উত্তর : রজনীগন্ধা, চাঁপা, কৃষ্ণচূড়া, বেলী, জুঁই।

২. প্রশ্ন : পাঁচটি সুগন্ধ ফুলের নাম বল?

উত্তর : বকুল, গোলাপ, রজনীগন্ধা, বেলী, হাস্নাহেনা।

৩. প্রশ্ন : পাঁচটি গন্ধহীন ফুলের নাম বল?

উত্তর : শিমুল, কৃষ্ণচূড়া, রঙ্গন, ডালিয়া, জবা।

৪. প্রশ্ন : পানিতে ফোটে এমন চারটি ফুলের নাম বল?

উত্তর : পদ্ম, কলমী, কচুরী, শাপলা।

৫. প্রশ্ন : পৃথিবীতে কোন রঙের ফুল সবচেয়ে বেশী?

উত্তর : লাল রঙের ফুল।

৬. প্রশ্ন : শীতকালে ফোটে এমন দশটি ফুলের নাম বল?

উত্তর : ডালিয়া, গাঁদা, চন্দ্রমল্লিকা, গোলাপ, সূর্যমুখী।

৭. প্রশ্ন : কোন রঙের ফুলের সুবাস বেশী?

উত্তর : সাদা রঙের ফুলের।

৮. প্রশ্ন : কোন ফুলকে ফুলের রাণী বলা হয়?

উত্তর : গোলাপ ফুলকে।



রজনীগন্ধা ফুল



গোলাপ ফুল



জবা ফুল



ডালিয়া ফুল

## পাঠ-২ : ফলের পরিচয়

১. প্রশ্ন : গ্রীষ্মকালীন কয়েকটি ফলের নাম বল।

উত্তর : আম, কাঁঠাল, লিচু, জাম, জামরুল ইত্যাদি।

২. প্রশ্ন : শীতকালীন কয়েকটি ফলের নাম বল?

উত্তর : জলপাই, বরই, সফেদা, আতা, কমলা ইত্যাদি।

৩. প্রশ্ন : কোথায় সবচেয়ে বেশী আম পাওয়া যায়?

উত্তর : চাঁপাই নবাবগঞ্জ ও রাজশাহীতে।

৪. প্রশ্ন : কয়েকটি রসালো ফলের নাম বল?

উত্তর : কাঁঠাল, লিচু, জাম, তরমুজ, পেঁপে, আনারস, কলা ইত্যাদি।

৫. প্রশ্ন : কয়েকটি টক ফলের নাম বল?

উত্তর : কামরাসা, জলপাই, তেঁতুল, চালতা, আমড়া ইত্যাদি।

৬. প্রশ্ন : সবচেয়ে বেশী ভিটামিন 'সি' আছে কোন ফলে?

উত্তর : আমলকীতে।

৭. প্রশ্ন : সারা বছর পাওয়া যায় এমন কয়েকটি ফলের নাম বল?

উত্তর : কলা, নারিকেল, লেবু, পেঁপে।

৮. প্রশ্ন : কোন ফলকে ফলের রাজা বলা হয়?

উত্তর : আমকে।



লিচু



তরমুজ



পেঁপে

## পাঠ-৩ : প্রাণীর পরিচয়

১. প্রশ্ন : সবচেয়ে উঁচু প্রাণীর নাম কি?

উত্তর : জিরাফ ।

২. প্রশ্ন : সবচেয়ে চলাক প্রাণীর নাম কি?

উত্তর : শিয়াল ।

৩. প্রশ্ন : পৃথিবীতে কোন প্রাণীর সংখ্যা বেশী?

উত্তর : পিঁপড়া ।

৪. প্রশ্ন : কোন প্রাণীর আটটি পা আছে?

উত্তর : মাকড়সার ।

৫. প্রশ্ন : সমুদ্রের সবচেয়ে হিংস্র প্রাণীর নাম কি?

উত্তর : হাঙ্গর ।

৬. প্রশ্ন : কোন প্রাণী জিহ্বা দিয়ে শোনে?

উত্তর : সাপ ।

৭. প্রশ্ন : কোন প্রাণীকে মরুভূমির জাহাজ বলা হয়?

উত্তর : উটকে ।

৮. প্রশ্ন : পশুর রাজা কোন প্রাণী?

উত্তর : সিংহ ।

৯. প্রশ্ন : কোন প্রাণী দাঁড়িয়ে ঘুমায়?

উত্তর : ঘোড়া ।

১০. প্রশ্ন : কোন প্রাণীর সারা শরীর কাঁটা দ্বারা আবৃত?

উত্তর : সজারু ।

## চতুর্থ অধ্যায় : পৃথিবী

### পাঠ-১ : পৃথিবীর পরিচয়

১. প্রশ্ন : পৃথিবী কি?

উত্তর : পৃথিবী মানুষের বসবাসের উপযোগী একটি গ্রহ।

২. প্রশ্ন : পৃথিবীতে কয়টি মহাদেশ রয়েছে ও কি কি?

উত্তর : পৃথিবীতে ৭টি মহাদেশ রয়েছে। যথা : ১. এশিয়া, ২. আফ্রিকা, ৩. ইউরোপ, ৪. অস্ট্রেলিয়া, ৫. উত্তর আমেরিকা, ৬. দক্ষিণ আমেরিকা ও ৭. অ্যান্টার্কটিকা মহাদেশ।

৩. প্রশ্ন : পৃথিবীতে কয়টি মহাসাগর রয়েছে ও কি কি?

উত্তর : পৃথিবীতে ৫টি মহাসাগর রয়েছে। যথা : ১. প্রশান্ত মহাসাগর, ২. আটলান্টিক মহাসাগর, ৩. ভারত মহাসাগর, ৪. উত্তর মহাসাগর ও ৫. দক্ষিণ মহাসাগর।

৪. প্রশ্ন : সমগ্র পৃথিবীর কত ভাগ পানি এবং কত ভাগ মাটি?

উত্তর : ৩ ভাগ পানি ও ১ ভাগ মাটি।

৫. প্রশ্ন : পৃথিবীতে মোট স্বাধীন দেশ কতটি?

উত্তর : ১৯৫টি।

৬. প্রশ্ন : পৃথিবীতে মুসলিম দেশ কতটি?


উত্তর : ৪৯টি (জনসংখ্যার ভিত্তিতে)।

## পাঠ-২ : বিভিন্ন দেশ, রাজধানী, মুদ্রা ও ভাষা

### এশিয়া মহাদেশের দেশ সমূহ

দেশের নাম	রাজধানীর নাম	মুদ্রার নাম	ভাষা
বাংলাদেশ	ঢাকা	টাকা	বাংলা
ভারত	নয়া দিল্লী	রুপী	হিন্দি
পাকিস্তান	ইসলামাবাদ	রুপী	উর্দূ
শ্রীলংকা	কলম্বো	রুপী	তামিল
নেপাল	কাঠমাণ্ডু	রুপী	নেপালি
মালদ্বীপ	মালে	রুপিয়া	দিভেহী
ভুটান	থিম্পু	গুলট্রাম	দোজংখা
মায়ানমার	নাইপিদো	কিয়াত	বার্মিজ
মালয়েশিয়া	কুয়ালালামপুর	রিংগিত	মালয়
ইন্দোনেশিয়া	জাকার্তা	রূপাইয়া	ইন্দোনেশিয়ান
আফগানিস্তান	কাবুল	আফগানী	পশতু
ইরান	তেহরান	রিয়াল	আরবী
ইরাক	বাগদাদ	দীনार	ফার্সি
সৌদী আরব	রিয়াদ	রিয়াল	আরবী

কুয়েত	কুয়েত সিটি	দীনার	আরবী
চীন	বেইজিং	ইউয়ান	মান্দারিন
জাপান	টোকিও	ইয়েন	জাপানিজ
সিঙ্গাপুর	সিঙ্গাপুর সিটি	ডলার	চীনা
বাহরাইন	মানামা	দীনার	আরবী
জর্ডান	আম্মান	দীনার	আরবী
কাতার	দোহা	রিয়াল	আরবী
ওমান	মাস্কট	রিয়াল	আরবী
লেবানন	বৈরুত	পাউন্ড	আরবী
সংযুক্ত আরব আমিরাত	আবুধাবী	দিরহাম	আরবী



বিশ্ব মানচিত্র

## পঞ্চম অধ্যায়

### পাঠ-১ : স্বাস্থ্য কথা

১. প্রশ্ন : খাওয়ার আগে কি করতে হয়?

উত্তর : ভাল করে হাত ধুতে হয়।

২. প্রশ্ন : পায়খানা থেকে আসার পর কি করতে হয়?

উত্তর : সাবান দিয়ে হাত ধুতে হয়।

৩. প্রশ্ন : ভিটামিন 'এ' রয়েছে কোন খাদ্যে?

উত্তর : কাঁঠাল, মিষ্টি কুমড়া, মলা ও ঢেলা মাছ, কাচা পেঁপে এবং বিভিন্ন প্রকার শাকসবজি।

৪. প্রশ্ন : রোগ জীবাণু কিভাবে সৃষ্টি হয়?

উত্তর : অপরিচ্ছন্নতা থেকে রোগ জীবাণু সৃষ্টি হয়।

৫. প্রশ্ন : কিসের অভাবে রাতকানা রোগ হয়?

উত্তর : ভিটামিন 'এ'-এর অভাবে।



## পাঠ-২ : মানবদেহের কথা

১. প্রশ্ন : মানবদেহের মেরুদণ্ডের হাড় কয়টি?

উত্তর : ৩৩টি ।

২. প্রশ্ন : পাকস্থলীর কাজ কি?

উত্তর : খাদ্য হজম কাজে সাহায্য করা ।

৩. প্রশ্ন : পঞ্চ ইন্দ্রিয় কি?


উত্তর : নাক, কান, চোখ, ত্বক ও জিহ্বা ।

৪. প্রশ্ন : মানুষের শরীরে কয়টি হাড় আছে?



উত্তর : ২০৬টি ।

৫. প্রশ্ন : হৃৎপিণ্ডের কাজ কি?

উত্তর : সমস্ত শরীরের মধ্যে রক্ত সঞ্চালন করা ।



হৃৎপিণ্ড



ফুসফুস